

## অভিযোগ দায়েরের ফরম

বরাবর

প্রধান তথ্য কমিশনার

তথ্য কমিশন

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং-----

১. অভিযোগকারীর নাম ও ঠিকানা  
(যোগাযোগের সহজ মাধ্যমসহ)

ঃ মো: নিয়ামত আলী, গ্রাম: রসুলপুর, ডাকঘর ও থানা:  
ঈশ্বরদী সদর উপজেলা: ঈশ্বরদী, জেলা: পাবনা।

ই-মেইল: [mdali007@gmail.com](mailto:mdali007@gmail.com),

ফোন: ০১৭১৫ ৩২০০০০

২. অভিযোগ দাখিলের তারিখ

ঃ ০৭ জুলাই ২০১২

৩. যাহার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে  
তাহার নাম ও ঠিকানা

ঃ ড: গোলাম হোসেন, প্রধান, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর  
বিভাগ, ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ ইক্ষু গবেষণা  
ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা

৪. অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ  
(প্রয়োজনে আলাদা কাগজ সন্নিবেশ করা যাইবে)

ঃ গত ০৯ মে ২০১২ তারিখে আমি বাংলাদেশের একজন  
নাগরিক হিসেবে “তথ্য অধিকার আইন ২০০৯” এর ৮(১)  
ধারার ভিত্তিতে উল্লিখিত কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার  
কাছে নিম্নলিখিত বিষয়ের তথ্য পাওয়ার জন্য আবেদন করি:

১. বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা  
কর্তৃক গত ১৯ ফেব্রুয়ারী ২০১২ তারিখে দৈনিক জনকণ্ঠ  
পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির (Ref. No. BSRI/  
P-102/Rangpur Employment/2012/2981) মূলে  
প্রকল্পের কনসালটেন্ট নিয়োগের জন্য যে মূল্যায়ন কমিটি  
গঠন করা হয়েছে সে সম্পর্কিত দাপ্তরিক আদেশের কপি  
পেতে চাই।

১.ক) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে মূল্যায়ন কমিটির  
সদস্যদের কাছে কমিটি গঠনের দাপ্তরিক আদেশের যেসব  
কপি প্রেরণ করা হয়েছে তা ইস্যু ও বিতরণের রেকর্ড সংক্রান্ত  
যে ইস্যু রেজিস্টার ও পিওন বই আছে তা দেখে  
প্রয়োজনমতো  
তথ্যের কপি পেতে চাই।

১.খ) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সব প্রার্থী  
আবেদন করেছে তাদের নামের তালিকা ও আবেদনকারীদের  
প্রার্থীত্ব মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটি যে নম্বরপত্র  
(স্কোরশীট) প্রণয়ন করেছে তার নথিপত্র দেখে প্রয়োজনমতো  
তথ্যের কপি পেতে চাই।

১.গ) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে কর্তৃপক্ষ নিয়োগের  
লক্ষ্যে যেসব প্রার্থীকে সাক্ষাৎকার (Interview) এ উপস্থিত  
হওয়ার জন্য চিঠি ইস্যু করা হয়েছে সেসব চিঠি প্রেরণ  
সংক্রান্ত রেকর্ডপত্র/ইস্যু রেজিস্টার সহ যাবতীয় নথিপত্র দেখে  
প্রয়োজনমতো তথ্যের কপি পেতে চাই।

উল্লেখ্য যে, আইনের ৯(১) ধারা অনুযায়ী নির্ধারিত ২০

কার্য দিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীকে

তথ্য প্রদানে বাধ্য থাকলেও তা করেননি। তাই উর্ধ্বতন

কর্মকর্তার কাছে গত ১৫ জুন ২০১২ তারিখে আপীল করতে

বাধ্য হই। সেখান থেকেও আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে জবাব না পাওয়ার কারণে অভিযোগ করছি।

৫. সংক্ষুব্ধতার কারণ (যদি কোন আদেশের বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয় সেইক্ষেত্রে উহার কপি সংযুক্ত করিতে হইবে)

ঃ প্রযোজ্য নয়

৬. প্রার্থিত প্রতিকার ও উহার যৌক্তিকতা

ঃ তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারাসমূহ।

৭. অভিযোগ উল্লিখিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের বর্ণনা (কপি সংযুক্ত করিতে হইবে)

ঃ তথ্য প্রাপ্তির আবেদনপত্র ও আপীল আবেদনের কপি এবং ডাক বিভাগের প্রদত্ত রসিদ কপিসমূহ এই অভিযোগ পত্রের সাথে সংযুক্ত করা গেল।

### সত্যপাঠ

আমি/ আমরা এই মর্মে হৃদয়পূর্বক ঘোষণা করিতেছি যে, এই অভিযোগে বর্ণিত অভিযোগসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

(সত্যপাঠকারীর স্বাক্ষর)